

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।



স্মারক নং-৪১.০১.৪৯৫২.০০০.০৬. ০১৪.২০. ২০০

তারিখঃ ০৯/০৩/২০২২ খ্রিঃ

বিষয়ঃ ২০২১-২২ অর্থ বছরে অতিরিক্ত কেটায় বয়স্ক ভাতার অর্থ (G2p) পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ প্রসঙ্গে।
সূত্রঃ ৪১.০১.০০০০.০৪৯.০২.০০৩.২০.১৬১ তারিখঃ ০১/০৩/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয় কর্তৃক ২০২১-২০২২ অর্থ বছরের বয়স্ক ভাতা প্রদান কার্যক্রমের আওতায় সর্বাধিক দারিদ্রপ্রবন ১৫০ টি উপজেলাকে নির্ধারণ করা হয়েছিল। উক্ত ১৫০ টি উপজেলা হতে সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন আবেদন কম পাওয়ায় প্রশাসনিক মন্ত্রণালয় হতে কুড়িগ্রাম সদর উপজেলার অনুকূলে অনলাইন আবেদনের অনুমোদন পাওয়া যায়।

তৎপ্রেক্ষিতে আপনার ইউনিয়নে ব্যাপক প্রচারের মাধ্যমে সকল ওয়ার্ড সদস্য/গ্রাম পুলিশদের সহযোগিতা নিয়ে বয়স্ক ভাতা পাওয়ার যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের মধ্যে যারা এখনো বয়স্ক ভাতা পাননি তাদেরকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের উদ্যোক্ত/অন্য কোন মাধ্যমে আগামী ১৫ মার্চ ২০২২ ইং তারিখের মধ্যে নিম্নোক্ত শর্তাবলী পূরন সাপেক্ষে <http://mis.bhata.gov.bd/online> Application লিংকে অনলাইন সম্পন্ন করতে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হলো।

শর্তাবলীঃ-

- বয়স্ক ভাতার অনলাইন করার ক্ষেত্রে আবেদনকারী যে মোবাইল নম্বরটি ব্যবহার করবে সেটিতে অবশ্যই বিকাশ হিসাব খোলা থাকতে হবে এবং ২৪ ঘন্টা মোবাইল নম্বরটি চালু থাকতে হবে।
- একটি মোবাইল নম্বর একাধিক ভাতাভোগীর আবেদনপত্রে ব্যবহার করা যাবে না। ভাতাভোগীর নিজের/পরিবারের মোবাইল নম্বর দিয়ে অনলাইন করতে হবে।
- অনলাইন ফরমে সকল তথ্য সঠিকভাবে পূরন করতে হবে। তথ্যগত ভুলের কারণে আবেদনপত্র বাতিল হলে সমাজসেবা অফিস দায়ী নয়।
- অনলাইন আবেদন করার পর আবেদনপত্রের একটি ফটোকপি, আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মোবাইল নম্বরসহ আবেদনকারীদের সমন্বিত তালিকা আগামী ১৬-০৩-২০২২ খ্রিঃ তারিখে নিম্নস্বাক্ষকারীর কার্যালয়ে প্রেরন করতে হবে।
- যারা বর্তমানে ভাতার আওতায় আছে তাদের অনলাইন আবেদন করার প্রয়োজন নেই।

চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ,
কাঁঠালবাড়ী/ হলোখানা/ ভোগডাঙ্গা/ ঘোগাদহ/ যাত্রাপুর/
বেলগাছা/ পাঁচগাছী/ মোগলবাসা, কুড়িগ্রাম সদর,
কুড়িগ্রাম।

(এস এম হাবিবুর রহমান)
উপজেলা সমাজসেবা অফিসার
কুড়িগ্রাম সদর কুড়িগ্রাম।

বিতরণ (কার্যার্থে)ঃ- (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ইউপি সদস্য.....ওয়ার্ড নং ইউনিয়ন পরিষদ, কাঁঠালবাড়ী/ হলোখানা/ ভোগডাঙ্গা/ ঘোগাদহ/ যাত্রাপুর/ বেলগাছা/ পাঁচগাছী/ মোগলবাসা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
- সচিব ইউনিয়ন পরিষদ, কাঁঠালবাড়ী/ হলোখানা/ ভোগডাঙ্গা/ ঘোগাদহ/ যাত্রাপুর/ বেলগাছা/ পাঁচগাছী/ মোগলবাসা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
- জনাব.....ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক সংযুক্ত নিদেশনা অনুসরণ পূর্বক ঐ সংক্রান্ত বিষয়ে উপস্থিত থেকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।
- UDC ইউনিয়ন পরিষদ, কাঁঠালবাড়ী/ হলোখানা/ ভোগডাঙ্গা/ ঘোগাদহ/ যাত্রাপুর/ বেলগাছা/ পাঁচগাছী/ মোগলবাসা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম। সংযুক্ত নিদেশনা অনুসরণ পূর্বক ভাতাভোগীদের উপস্থিত রেখে থেকে ডাটা এন্ট্রি করার জন্য অনুরোধ করা হলো।

সদয় অবগতিঃ-

- পরিচালক (সামাজিক নিরাপত্তা শাখা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- বিভাগীয় পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
- জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুড়িগ্রাম।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
- উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
- অফিস কপি।